

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 “কিশোর কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্প
 মহিলা বিষয়ক অধিদপ্তর
 ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৩.৪.০০২.১৮- ২৭০

তারিখঃ ৩১/০৭/২০১৯


নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তরধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের অধীনে দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ে নিম্নোক্ত পদসমূহে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, বেতন/সাকুল্য বেতন	পদের সংখ্যা	যোগ্যতা												
০১।	জেভার প্রমোটার দৈনিক ভিত্তিক ১,০০০/- টাকা (সপ্তাহে দুই দিন)	১০৯৫ (এক হাজার পঁচানব্বই) টি <table border="1" style="margin-left: auto; margin-right: auto;"> <thead> <tr> <th>উপজেলায় ইউনিয়নের সংখ্যা</th> <th>উপজেলায় পদসংখ্যা</th> </tr> </thead> <tbody> <tr> <td>(১-৬) টি</td> <td>১ টি</td> </tr> <tr> <td>(৭-১১) টি</td> <td>২ টি</td> </tr> <tr> <td>(১২-১৫) টি</td> <td>৩ টি</td> </tr> <tr> <td>(১৬-২০) টি</td> <td>৪ টি</td> </tr> <tr> <td>(২১-২৫) টি</td> <td>৫ টি</td> </tr> </tbody> </table>	উপজেলায় ইউনিয়নের সংখ্যা	উপজেলায় পদসংখ্যা	(১-৬) টি	১ টি	(৭-১১) টি	২ টি	(১২-১৫) টি	৩ টি	(১৬-২০) টি	৪ টি	(২১-২৫) টি	৫ টি	এইচ.এস.সি.পাশ এবং কম্পিউটার চালনায় (মাইক্রোসফট অফিস) বাস্তব অভিজ্ঞতা। সংশ্লিষ্ট বিষয়ে ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। প্রার্থীকে বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।
উপজেলায় ইউনিয়নের সংখ্যা	উপজেলায় পদসংখ্যা														
(১-৬) টি	১ টি														
(৭-১১) টি	২ টি														
(১২-১৫) টি	৩ টি														
(১৬-২০) টি	৪ টি														
(২১-২৫) টি	৫ টি														
০২।	সংগীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন)	৪৮৮৩ জন (প্রতি ইউনিয়নে ১ জন)	এস.এস.সি.পাশ এবং সঙ্গীত বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/ সঙ্গীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।												
০৩।	আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন)	৪৮৮৩ জন (প্রতি ইউনিয়নে ১ জন)	এস.এস.সি.পাশ এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/ আবৃত্তি শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।												

শর্তাবলীঃ

- ০১। প্রার্থীকে আগামী ২৩/০৮/২০১৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বরাবরে লিখিতভাবে আবেদন করতে হবে।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত আবৃত্তি ও সংগীত বিষয়ক শিক্ষক এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সমন্বয়ে গঠিত উপজেলা প্যানেল কমিটি সংশ্লিষ্ট উপজেলার প্রতিটি ক্লাবের প্রত্যেক পদের বিপরীতে আবেদনকৃত যোগ্য প্রার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুযায়ী ০৩(তিন) জনের প্যানেল প্রস্তুত করবে।
- ০৩। জেডার প্রোমোটার/ সঙ্গীত শিক্ষক/ আবৃত্তি শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন কারণে সংশ্লিষ্ট উপজেলার যোগ্য প্রার্থী পাওয়া না যায় তাহলে পার্শ্ববর্তী উপজেলা হতে সংশ্লিষ্ট উপজেলার নিকটবর্তী প্রার্থীকে নিয়োগ প্রদান করতে হবে।
- ০৪। সরকার নির্ধারিত কোটায় (শহীদ মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তান/এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
- ০৫। আগামী ০১/০৮/২০১৯ তারিখ সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর এর মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা, পুত্র কন্যার পুত্র-কন্যা, প্রতিবন্ধী ও অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রে বয়সের সর্বোচ্চ সীমা ৩২ (বত্রিশ) বছর। সংশ্লিষ্ট উপজেলায় নির্ধারিত বয়সসীমার মধ্যে কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।
- ০৬। আবেদন পত্রের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- ০৭। আবেদন পত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম, নিজ উপজেলা ও জেলার নাম উল্লেখ করতে হবে। বিশেষ কোটায় আবেদনকারীকে খামের উপর কোটার নাম উল্লেখ করতে হবে।
- ০৮। চাকুরীরত প্রার্থীদের আবেদন পত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ০৯। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মানিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ জমা দিতে হবে। সকল সনদপত্র ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীলসহ সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ১০। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১১। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৩। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


(বিকাশ চন্দ্র সিকদার) ২৩/০৭/২০১৯

প্রকল্প পরিচালক(যুগ্ম-সচিব)
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।